

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০১৯.১৪৪

তারিখ : ১৩.০৬.২০১৯ খ্রি:

বিষয় : বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের নিয়োগ প্রদান।


সূত্র : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর স্মারক নংওএম/৭৪-ম/১৪/২০৫৩ তারিখ: ০৬.০৫.২০১৯খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) ঢাকা কর্তৃক দেশের বিভিন্ন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান হতে শূন্য পদের চাহিদার ভিত্তিতে ২৪.০১.২০১৯ তারিখে ৩১,৬৬৫ জন শিক্ষক প্রার্থীকে মেধাতালিকার ভিত্তিতে এন্ট্রি লেভেলে নিয়োগের জন্য সুপারিশ করা হয়। উল্লেখ্য, কিছু সংখ্যক শিক্ষা প্রতিষ্ঠান প্রধান বিভিন্ন অজুহাতে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক সুপারিশকৃত ১৪৪ জন শিক্ষক প্রার্থীগণকে নিয়োগ প্রদানে অসম্মতি জানায়। তৎপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক ০৮.০৪.২০১৯ তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১২০১৯.৮৮ স্মারকে বর্ণিত ১৪৪ জন শিক্ষকের নিয়োগ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবেদনপত্রসহ তালিকা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করা হয়।

২.০ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) হতে প্রেরিত ১৪৪ জন শিক্ষকের আবেদনপত্রের মধ্যে বিভিন্ন মাদ্রাসায় সুপারিশকৃত ১১ (এগারো)টি আবেদন পাওয়া যায়। উক্ত আবেদনপত্রগুলি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন বিধায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে নিয়োগ প্রদান সংক্রান্তে মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদান করা হয়নি।

৩.০ এমতাবস্থায়, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক বিভিন্ন মাদ্রাসায় সুপারিশকৃত ১১ (এগারো)টি আবেদনের বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য আবেদনসমূহ নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে


(মো: কামরুল হাসান)

উপসচিব

ফোন : ৯৫৪০৫১৭

ই মেইল ds.mpo@moedu.gov.bd

সচিব

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।

সদয় অবগতি/ কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

০১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০২. চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), বোরাব টাওয়ার, ঢাকা।
০৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৭. অফিস কপি।